

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২১.১৮. ৫২৬

তারিখঃ ১৯/১১/১৯শ্বিঃ

বিষয়ঃ পশ্চিম রাজশুর মহিলা সমিতির আর্থিক লেনদেন সচলকরণ।


সূত্রঃ ৪৭.৬২.০৬০৩.০০০.০০.০০.১৯.৭৫, তারিখঃ ০৩/০৯/১৯শ্বিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির আওতায় বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলাধীন পশ্চিম রাজশুর মহিলা সমিতির আর্থিক লেনদেন পুনরায় চালু করা সংক্রান্ত তাঁর দপ্তরের প্রস্তাবের পেক্ষিতে নিম্নোক্ত শর্তে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আর্থিক কার্যক্রম পুনরায় শুরু করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

শর্তাবলীঃ

- ক. সমিতির ৫ম দফায় ঋণ প্রদানের ক্ষেত্রে পরিপত্র অনুযায়ী গৃহীত ঋণের ন্যূনতম ২৫% সঞ্চয় জমা থাকতে হবে;
- খ. পূর্ববর্তী ঋণ পরিশোধের ধরণ বিবেচনায় পরীক্ষামূলকভাবে ৫ম দফায় সদস্য প্রতি ২০,০০০/- হারে ঋণ বিতরণ;
- গ. নীতিমালা অনুযায়ী সাপ্তাহিক কিস্তিতে ঋণ পরিশোধের অঙ্গীকার নামা দাখিল করতে হবে;
- ঘ. প্রত্যেক সদস্যের ঋণের বিপরীতে পরিশোধযোগ্য সমপরিমাণ অর্থের অগ্রীম তারিখের ট্রস চেক “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প” শিরোনামে কর্মসূচির উপজেলা দপ্তরে ঋণের নিরাপত্তা হিসেবে সংরক্ষণ করতে হবে;
- ঙ. সমিতিতে ঋণ বিতরণ পরবর্তী ০১ বৎসরের কার্যক্রম সন্তোষজনক হলে ঋণের সিলিং বৃদ্ধিসহ অন্যান্য সুযোগ-সুবিধা অব্যহত রাখা।

০২। এমতাবস্থায়, উপরোক্ত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে বর্ণিত সমিতিতে পুনরায় আর্থিক কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য বর্ণিত শর্তাবলী প্রতিপালন ব্যতীত সমিতিতে ঋণ বিতরণ করা হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী হবেন।

  
প্রকৌশলী মেহাসিনুল রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি, বাবুগঞ্জ, বরিশাল

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২১.১৮

তারিখঃ ১৯/১১/১৯শ্বিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. উপপরিচালক, বিআরডিবি, বরিশাল।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো), বিআরডিবি, বাবুগঞ্জ, বরিশাল।
৬. অফিস নথি/ গার্ড ফাইল।

আল-আমিন  
সহকারী পরিচালক (ইরেসপো)